৪২ বছর পর মা-বাবার সন্ধানে জার্মানি থেকে বাংলাদেশে সেলিনা

৪২ বছর পর মা-বাবার সন্ধানে জার্মানি থেকে বাংলাদেশে এসেছেন সেলিনা। ১৯৭৬ সালে বাবা-মাহীন পথে পড়ে থাকা শিশুটিকে নিয়ে যান এক কানাডিয়ান দম্পতি। ঐ সময় সে ছিল পাঁচ দিনের শিশু, নাম তারা। বাড়ি ছিল জামালপুর জেলার সরিষাবাড়ির গাইতাপাড়া গ্রামে। এরপর কেটে গেছে ৪২ বছর।

সেই তারা এখন সেলিনা, থাকেন জার্মানিতে। আছে এক ছেলে আর এক মেয়ে। সেলিনা বাংলাদেশে এসেছেন তার বাবা-মাকে খুঁজে বের করতে। গত মঙ্গলবার সেলিনা যান জামালপুরের সরিষাবাড়ির গাইতাপাড়া গ্রামেও। কিন্তু তার বাবা-মার দেখা পাননি। গত বুধবার সন্ধ্যায় এসেছিলেন ময়মনসিংহ প্রেসক্লাবে। নিজের জীবন নিয়ে কথা বলেন সাংবাদিকদের সঙ্গে।

সেলিনা জানান, তার কানাডিয়ান পিতা ছোটবেলাতেই জানিয়েছিলেন যে তার দেশের বাড়ি বাংলাদেশে। মাত্র পাঁচ দিন বয়সে তাকে পথে রেখে যায় তার বাবা-মা। এরপর এক লোক তাকে কুড়িয়ে পায়। ঐ সময় সরিষাবাড়ির পথে যাচ্ছিলেন এক কানাডিয়ান দম্পতি। সেই দম্পতি তাকে কানাডায় নিয়ে যান। এরপর বাংলাদেশের তারা কানাডাতে সেলিনা নামে বড়ো হতে থাকেন। একপর্যায়ে সেলিনা তার পালক বাবার সঙ্গে কানাডা থেকে জার্মানি চলে যান।

বর্তমানে তিনি একটি হাসপাতালে চাকরি করেন। তার সঙ্গে আছেন তার পালক বাবা-মাও। সে তার জার্মান বন্ধু মার্ক সিয়েরারকে নিয়ে বাংলাদেশে আসেন দু-সপ্তাহ আগে। এখানে এসে সেলিনার সঙ্গে পরিচয় হয় ময়মনসিংহের দেলোয়ার হোসেনের। দেলোয়ার গত মঙ্গলবার তাদের সরিষাবাড়ির গাইতাপাড়া গ্রামে নিয়ে গেলেও নিজের বাবা-মার সন্ধান পাননি সেলিনা। সেলিনা জানান, তিনি আরো দু-সপ্তাহ বাংলাদেশে থাকবেন এবং বিভিন্ন স্থান পরিদর্শন করবেন।